



৩০ আষাঢ় ১৪২৮
১৪ জুলাই ২০২১

বরাবর
উপ-মহা পরিদর্শক
কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ঢাকা-১০০০।

বিষয়: চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে শ্রম মন্ত্রনালয় এর “সংকট পরিচালনা কমিটিতে (সিএমসি)” অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

জনাব,

“সজাগ” কোয়ালিশন ফ্লাস্ট, ক্রিচিয়ান এইড এবং নারীপক্ষ এর একটি সম্মিলিত উদ্যোগ, যারা সেপ্টেম্বর ২০১৭ থেকে পোশাকশিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ নিয়ে কাজ করছে। কোভিড পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক এর প্রগোদনা প্যাকেজ শ্রমিকের জীবন-জীবিকার উপর কঠুন্মুক্ত প্রভাব ফেলেছে, প্রগোদনা প্যাকেজ অনুমোদনের ক্ষেত্রে সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ এবং ব্যবসায়ীক জবাবদিহিতাকে গুরুত্বসহকার দেখার জন্য কাজ করছি। এছাড়াও কোভিড-১৯ অতিমারীতে শ্রমিকের স্বাস্থ্য সুরক্ষার দিক নির্দেশনা তৈরির ক্ষেত্রে ডাইফি, আইএলও-কে সহায়তা করছি।

গত ১২জুলাই ২০২১ সজাগ কোয়ালিশন কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে “করোনাকালীন লকডাউন পরিস্থিতিতে শ্রমিকের সুরক্ষা ব্যবস্থা ও করণীয়” বিষয়ক একটি আলোচনা সভার আয়োজন করেছিলাম। উক্ত সভার আলোচনা থেকে আমরা জানতে পারি যে, করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি রক্ষনাবেক্ষনের জন্য কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর, শ্রমিক প্রতিনিধি এবং মালিক প্রতিনিধিদের নিয়ে শ্রম মন্ত্রনালয় “সংকট পরিচালনা কমিটি (সিএমসি)” গঠন করেছে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, অতিমারিতে বাংলাদেশের অর্থনৈতিক চাকা সচল রাখার বৃহত্তম মাধ্যম তৈরি পোশাক শিল্পে নিয়োজিত লক্ষ লক্ষ শ্রমিকের জীবনের নিরাপত্তা বিধানে এই কমিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

গত ১২জুলাই ২০২১ এর সভা থেকে আমরা জেনেছি যে উক্ত কমিটিতে আপনারা সদস্য কো-অপট করতে পারেন। উক্ত কমিটিতে সজাগ কোয়ালিশনের সদস্য সংস্থার প্রতিনিধিরা অন্তর্ভুক্ত হবার জন্য আগ্রহী, যাতে করে মাঠ পর্যায়ে করোনাকালীন সময়ে শ্রমিকদের সাথে আমাদের কাজের পর্যবেক্ষন ও তথ্য-উপাত্তসমূহ কমিটির সাথে তুলে ধরতে পারি। যা কমিটির কার্যক্রমকে সহায়তা করতে পারে বলে আমরা বিশ্বাস করি।

আমরা আশা করি, সিএমসিতে সজাগ কোয়ালিশনকে অন্তর্ভুক্ত করে আপনাদের সাথে শ্রমিকের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা নিশ্চিতকরণে কাজ করার সুযোগ করে দিবেন।

সংহতিতে

মাহীন সুলতান
দলনেতা
সজাগ কোয়ালিশন

অনুলিপিঃ

blast
ফ্লাস্ট

christian
aid

নারীপক্ষ